টাকা জাদুঘর পরিদর্শন করলেন মুদ্রা বিশেষজ্ঞ ড. জন ডিল

বিশিষ্ট মুদ্রা বিশেষজ্ঞ কানাডিয়ান নাগরিক ড. জন ডিল ২৭ অক্টোবর, ২০১৪ তারিখে মিরপুর, ঢাকাস্থ বাংলাদেশ ব্যাংক টাকা জাদুঘর পরিদর্শন করেন। পরিদর্শনকালে ড. ডিল জাদুঘরে প্রদর্শিত মুদ্রা ও ব্যাংক নোটের সংগ্রহ ও সজ্জা দেখে অভিভূত হন এবং জাদুঘরের ভূঁয়সী প্রশংসা করেন।

টাকা জাদুঘর পরিদর্শন শেষে তিনি টাকা জাদুঘর সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে একটি মতবিনিময় সভায় মিলিত হন। মত বিনিময়কালে ড. জন ডিল বাংলাদেশে মুদ্রা ও টাকা বিষয়ক জাদুঘরের গুরুত্ব তুলে ধরেন এবং বাংলাদেশ ব্যাংকের এ উদ্যোগকে স্বাগত জানান। এ সময় তিনি নিজ দেশ কানাডার কারেন্সি মিউজিয়াম সম্পর্কেও সকলকে অবহিত করেন। এছাড়া, তিনি টাকা জাদুঘরের ১ম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে প্রকাশিতব্য স্মরনিকার জন্য একটি লেখা প্রেরণ করবেন মর্মেও আগ্রহ ব্যক্ত করেন।

টাকা জাদুঘরের কিউরেটর পরিদর্শনরত কানাডিয়ান মুদ্রা বিশেষজ্ঞ ড. জন ডিলকে জাদুঘরে প্রদর্শিত মুদ্রা সম্পর্কে সম্যক ধারনা প্রদান করছেন।